
তারিখ .. 15 SEP...2015 ...
পৃষ্ঠা ...১... কলাম ...১...

দৈনিক
ইত্তেফাক




# চার জেলা নিয়ে অষ্টম বিভাগ ময়মনসিংহ

## ভান্ডারিয়া নতুন পৌরসভা

■ বিশেষ প্রতিনিধি

বৃহত্তর ময়মনসিংহবাসীর দীর্ঘদিনের দাবি ময়মনসিংহ বিভাগ গঠনের সিদ্ধান্তে চূড়ান্ত অনুমোদন দিয়েছে সরকার। ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণা—এই চার জেলা নিয়ে দেশের অষ্টম এই বিভাগ গঠিত হবে। এক কোটি ১৩ লাখ ৬৯ হাজার জনসংখ্যার ময়মনসিংহ বিভাগের আয়তন হবে ১০ হাজার ৫৮৪ বর্গকিলোমিটার।

গতকাল সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) সভায় এই প্রশাসনিক বিভাগ গঠনের চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়।

সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের বলেন, নতুন এই বিভাগে সবার আগে পৃষ্ঠা ১৯ কলাম ১.

## চার জেলা নিয়ে অষ্টম

প্রথম পৃষ্ঠার পর

হবে বিভাগীয় কমিশনার ও রেঞ্জ ডিআইজি পুলিশের অফিস। পর্যায়ক্রমে অন্য সব অফিসের কার্যালয়ও পাবে ময়মনসিংহ।

ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণার সঙ্গে টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলা রেখে ময়মনসিংহ বিভাগ গঠনের প্রস্তাবে গত ২৬ জানুয়ারি নীতিগত অনুমোদন দিয়েছিল মন্ত্রিসভা। তবে চূড়ান্ত অনুমোদনে টাঙ্গাইল ও কিশোরগঞ্জকে ঢাকার সঙ্গেই রাখা হয়েছে।

ময়মনসিংহ বিভাগ হওয়ার আগ পর্যন্ত ঢাকা বিভাগে জেলা ছিল ১৭টি। নতুন বিভাগ হওয়ায় ১৩ জেলা নিয়ে ঢাকা বিভাগকে পুনর্গঠন করা হবে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব।

ঢাকা বিভাগকে ভেঙে ফরিদপুর নামে একটি বিভাগ এবং কুমিল্লা ও নোয়াখালী জেলা নিয়ে আরেকটি বিভাগ গঠনের সিদ্ধান্তও সরকারের রয়েছে বলে তিনি জানান।

**ভান্ডারিয়া পৌরসভা হল:** মন্ত্রিপরিষদ সচিব বলেন, পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার সদরসহ কিছু এলাকা নিয়ে ভান্ডারিয়া পৌরসভা গঠন প্রস্তাব নিকার সভা অনুমোদন করেছে। ভাণ্ডারিয়া হবে দেশের ৩২৪তম পৌরসভা। বর্তমানে দেশে ১৪৩টি 'ক' শ্রেণী, ১০৪টি 'খ' এবং ৭৬টি 'গ' শ্রেণীর পৌরসভা রয়েছে।

**নিম্ন আদালতের বিচারকদের আর্থিক ক্ষমতা বৃদ্ধি:** নিম্ন আদালতের সহকারি জজ আগে দুই লাখ টাকার সম্পৃক্ততা রয়েছে এমন মামলার বিচার করতে পারতেন। এখন আইন সংশোধন করে সে ক্ষমতা বাড়িয়ে করা হয়েছে ১৫ লাখ টাকা। জ্যেষ্ঠ সহকারি জজের ৪ লাখ টাকার আর্থিক মূল্যের বিষয়ে বিচার করার ক্ষমতা ছিল। এখন সেটি বাড়িয়ে করা হয়েছে ২৫ লাখ টাকা। আপিলের ক্ষেত্রে জেলা জজ ৫ লাখ টাকার আর্থিক সম্পৃক্ততা সম্পন্ন মামলার বিচার করতে পারতেন। এখন এরূপ সিভিল মামলার ক্ষেত্রে ৫ কোটি টাকা পর্যন্ত বিচার করতে পারবেন।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, এই সিদ্ধান্তের ফলে আগে হাইকোর্টে মামলার যে চাপ হতো সেটি কমে যাবে। বিচার দ্রুত হবে। ফলে নাগরিকদের পক্ষে কম সময়ে বিচার পাওয়া সম্ভব হবে।

**কোস্টগার্ড আইন সংশোধন:** কোস্টগার্ডের অভ্যন্তরীন শৃংখলা রক্ষার ক্ষেত্রে ব্যবস্থা নেয়া হতো বিডিআর আইনে। বিডিআর আইন বিলুপ্ত হওয়ায় এখন ১৯৯৪ সালের সংশ্লিষ্ট আইন সংশোধন করে কোস্টগার্ডের অভ্যন্তরীন বিদ্রোহের অভিযোগের ক্ষেত্রে শাস্তি হিসাবে মৃত্যুদণ্ডের বিধান রাখা হয়েছে।